৩৬

ভোরের কাগজ

তারিখ SEP. 5 1999
পৃষ্ঠা ৭ কলাম ৭

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রকসহ ১১ প্রশাসনিক পদে ভারপ্রাপ্ত

শাহাবউদ্দিন নীপু, চ.বি. থেকে : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ১১টি প্রশাসনিক পদ দীর্ঘদিন ধরে ভারপ্রাপ্তদের দ্বারা পরিচালিত হচ্ছে। এর মধ্যে রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, লাইব্রেরিয়ান, এস্টেট ম্যানেজার, পরিকল্পনা ও উন্নয়ন এবং পরিবহনের পরিচালকের পদে দীর্ঘদিন ধরে ভারপ্রাপ্তরা নিযুক্ত রয়েছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এখন ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের দায়িত্বে আছেন প্রফেসর ড. জহুরুল আলম চৌধুরী। গুরুত্বপূর্ণ এ প্রশাসনিক পদটিতে তার পূর্বসূরি প্রফেসর ড. এস এম মাহবুব-উল-হক মজুমদারও পদত্যাগের পূর্ব পর্যন্ত প্রায় সাড়ে তিন বছর ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করেন।

বর্তমানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ানের দায়িত্বে আছেন প্রফেসর ড. মুহাম্মদ শামসুল আলম এবং ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রকের দায়িত্বে রয়েছেন প্রফেসর ড. শাহ মুহাম্মদ শফিকুল্লাহ। বিশ্ববিদ্যালয় পরিবহনের সাবেক সহকারী পরিচালক মুহাম্মদ রবিউল আলম এখন এস্টেট-এর ভারপ্রাপ্ত ম্যানেজারের দায়িত্বে আছেন।

বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন (পিএন্ডডি) দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালকের দায়িত্বে আছেন মুহাম্মদ ইদ্রিস মিয়া। পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালকের দায়িত্বে আছেন আ স আ জহুরুল হোসেন। বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ এ দুটি সেক্টর বছরের পর বছর ধরে ভারপ্রাপ্তদের দ্বারা পরিচালিত হচ্ছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বে আছেন কলেজের সহযোগী অধ্যাপক কিরণ চন্দ্র দেব। কলেজের কাছে অধ্যক্ষ মোঃ জাকের উল্লাহর এখনো স্বত্ত রয়ে যাওয়ায় অধ্যক্ষের পদটি ভারপ্রাপ্ত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের নজরুল গবেষণা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালকের দায়িত্বে রয়েছেন প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান (শাহজাহান মনির)।

আইন বিভাগের একমাত্র পূর্ণ অধ্যাপক ড. শাহ আলম আইন কমিশনের সদস্য নির্বাচিত হওয়ায় আইন অনুষদের ডীনের পদটি শূন্য হয়ে পড়ে। সহযোগী অধ্যাপক পদমর্যাদার কেউ না থাকায় পদাধিকার বলে এখন এ অনুষদের ডীনের দায়িত্বে রয়েছেন উপাচার্য প্রফেসর আবদুল মান্নান।

এদিকে, বিশ্ববিদ্যালয়ের নবপ্রতিষ্ঠিত বায়োকেমেস্ট্রি ও মাইক্রো বায়োলজি বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্বে আছেন যথাক্রমে প্রফেসর ড. মুহাম্মদ আলাউদ্দিন ও প্রফেসর ড. মুহাম্মদ নুরুল আনোয়ার।